



Shri Sudip Roy Barman

MINISTER
Health & Family Welfare,
Science, Technology & Environment,
Industry & Commerce (IT), PWD (DWS)
Government of Tripura
Agartala

Tel:- (0381)2414047 (O)
Fax:- Tel:- (0381)2414047 (Tel fax)
Email Id- sudip.roybarman@gmail.com

বিশ্ব স্বাস্থ্য দিবস উপলক্ষ্যে মাননীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রীর আবেদন

আজ ৭ এপ্রিল, উনসত্তরতম বিশ্ব স্বাস্থ্য দিবস। ১৯৫০ সাল থেকে সমগ্র বিশ্ববাসীর স্বাস্থ্য সচেতনতার বিষয়টিকে জাগ্রত করার লক্ষ্যে বিশ্বব্যাপী এই দিবসটিকে বিশেষ গুরুত্ব ও মর্যাদার সঙ্গে প্রতিপালিত হয়ে আসছে। এই বছর বিশ্ব স্বাস্থ্য দিবসের শ্লোগানটি হলো, “সকলের জন্য স্বাস্থ্য”। মূলতঃ এই দিবসটিতে বিশ্ববাসীর সুস্বাস্থ্য বজায় রাখার লক্ষ্যে জনসচেতনতামূলক বিভিন্ন কর্মসূচির মাধ্যমে বিশেষভাবে আলোকপাত করা হয়। সুস্থ ও সুরক্ষিত মানবজীবন সকলের কাছেই কাঙ্ক্ষিত। সুস্থ শরীরে জীবনের প্রতিটি মুহূর্ত মসৃণভাবে অতিবাহিত করার ক্ষেত্রে স্বাস্থ্য সচেতনতা সম্পর্কে ব্যাপক প্রচার কর্মসূচির অঙ্গ হিসাবেই “বিশ্ব স্বাস্থ্য দিবস” প্রতি বছরের ন্যায় এই বছরও পালন করা হচ্ছে। জীবনের প্রতিটি ক্ষণে সুস্বাস্থ্য বজায় রাখার জন্য সকলের মধ্যে ক্রমশঃই স্বাস্থ্য সচেতনতা জাগ্রত হচ্ছে – যা উন্নত রাজ্য, দেশ এমনকি বিশ্বের জন্য ভীষণ সহায়ক। “সকলের জন্য স্বাস্থ্য” – এই শ্লোগানকে সামনে রেখে প্রত্যেকে নিজ নিজ স্বাস্থ্য সম্পর্কে যথেষ্ট সচেতন থাকার পাশাপাশি সুস্বাস্থ্যের গুরুত্ব অনুধাবন করে সুস্থ শরীরে কর্মময় জীবনের প্রতিটি মুহূর্ত সাবলীলভাবে অতিবাহিত করুন – বিশ্ব স্বাস্থ্য দিবসে সকলের প্রতি এই বিনম্র আবেদন করছি।

সুদীপ রায় বর্মান

(সুদীপ রায় বর্মান)

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী

ত্রিপুরা সরকার